অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/29/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করলেন পরিত্যক্ত তেল ও গ্যাস কূপ প্লাগ করতে দ্বিপক্ষীয় অবকাঠামো আইনের অধীনে নিউ ইয়র্ক স্টেটকে 25 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে

তহবিল গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করতে এবং ভূমি ও জলাশয় রক্ষা করতে নিউ ইয়র্কের চলমান প্রচেষ্টাকে জোরদার করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে মার্কিন যুক্তরাষ্ট্রের অভ্যন্তরীণ ডিপার্টমেন্ট (United States Department of Interior) নিউ ইয়র্ক স্টেটকে এর প্রাথমিক অনুদান কর্মসূচির (Initial Grant Program) অধীনে 25 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে। ফেডারেল ল্যান্ডমার্ক দ্বিপক্ষীয় অবকাঠামো আইনে (Bipartisan Infrastructure Law) অন্তর্ভুক্ত তহবিল, বয়িষ্ণু তেল ও গ্যাস অবকাঠামো থেকে জলবায়ু পরিবর্তনকারী গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করতে এবং একই সাথে ভূমি ও জলাশয় রক্ষা করতে নিউ ইয়র্কের চলমান প্রচেষ্টাসমূহকে জোরদার করবে।

"এইসব কয়েক দশক পুরনো তেল ও গ্যাস কূপ খুঁজে বের করে, যাচাই করে এবং প্লাগ করে, তাদেরকে পরিবেশে মিথেন ছড়াতে না দিয়ে আমরা বায়ু দূষণ হ্রাসে বড় অবদান রাখছি যা জলবায়ু পরিবর্তনে উল্লেখযোগ্য ভূমিকা রাখে," **গভর্নর হোকল বলেন।** "মিথেন স্টেটের বার্ষিক গ্রিনহাউজ গ্যাস নিঃসরণের প্রায় 10 শতাংশ, এবং এটি হ্রাস করা জলবায়ু পরিবর্তনের বিদ্যমান হুমকিকে সামনে থেকে মোকাবেলা করতে নিউ ইয়র্কের প্রতিশ্রুতির একটি মুখ্য অংশ। আমি নিউ ইয়র্ক কংগ্রেশনাল প্রতিনিধিদলকে (New York Congressional Delegation) ধন্যবাদ জানাচ্ছি দ্বিপক্ষীয় অবকাঠামো আইনে এই প্রচেষ্টাকে অন্তর্ভুক্ত করার জন্য এবং এই তহবিল ভালো কাজে লাগানোর জন্য আমি উন্মুখ।"

এনভায়রনমেন্টাল কনজার্ভেশন ডিপার্টমেন্টের (Department of Environmental Conservation, DEC) কমিশনার ব্যাসিল সেগোস বলেন, "DEC পরিবেশ ও জননিরাপত্তার খাতিরে, পরিত্যক্ত তেল ও গ্যাস কূপ প্লাগ করার আমাদের অগ্রগতিকে সম্প্রসারণ করতে উন্মুখ। আমি ফেডারেল সরকারের প্রশংসা করছি পরিত্যক্ত কূপ পৃষ্ঠতল ও ভূমির পানিতে যেই ঝুঁকি সৃষ্টি করে তা হ্রাস করার জন্য এই দ্বিপক্ষীয় চুক্তিতে একত্রিত হওয়ার জন্য। এছাড়াও প্লাগ না হওয়া কূপ মিথেন নিঃসরণ করে, যা জলবায়ু পরিবর্তনে ভূমিকা রাখে তা জানা আছে। এই তহবিল আমাদেরকে নিউ ইয়র্কের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু লক্ষ্য অর্জনে আমাদের কাজ অব্যাহত রাখতে সাহায্য করবে।"

2020 এ, DEC এবং নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ ও ডেভেলপমেন্ট কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority. NYSERDA) ঘোষণা করে যে তেল ও গ্যাস কূপের মানচিত্র তৈরি করতে এবং খুঁজে বের করতে অত্যাধুনিক ড্রোন প্রযুক্তি ব্যবহার করা হবে, যাদের কিছু নিউ ইয়র্কের নিয়ন্ত্রক ফ্রেমওয়ার্কের অস্তিত্বের পূর্বে, এক শতাব্দীর বেশি আগে পরিত্যক্ত হয়ে গেছে। এই প্রচেষ্টা সমর্থন করার জন্য, নিউ ইয়র্ক ওয়ার্কস ওয়েল প্লাগিং উদ্যোগের (New York Works Well Plugging Initiative) সাথে, NYSERDA একটি কাস্টমনির্মিত ড্রোন সরঞ্জাম ও যন্ত্রতে বিনিয়োগ করেছে যা দ্বারা DEC-র ড্রোন পাইলটরা পরিত্যক্ত তেল ও গ্যাস কূপের উপস্থিতি সনাক্ত করতে পারবে, যেগুলি মূলত সেন্ট্রাল ও পশ্চিম নিউ ইয়র্কে অবস্থিত এবং যা পরিবেশের জন্য ঝুঁকির কারণ হতে পারে। এই অঞ্চলগুলিতে তেল ও গ্যাসের জন্য খনন উনবিংশ শতাব্দীর শুরুতে শুরু করা হয়, স্টেটের কঠোর নিয়ন্ত্রক কর্মসূচির পূর্বে এবং প্রায়শই নির্জন স্থানে এই কাজ করা হয়।

2013 থেকে, DEC 400টির বেশি কূপ প্লাগ করেছে এবং নিউ ইয়র্কে পরিত্যক্ত কূপে DEC-র কাজ ইঙ্গিত করে যে হাজার হাজার অতিরিক্ত কূপ হয়তো পরিবেশে মিথেন গ্যাস নিঃসরণ করে যাচ্ছে। এইসব ফেডারেল তহবিল, যা দ্বিপক্ষীয় অবকাঠামো আইনের মাধ্যমে উপলভ্য করা হয়েছে, তা যথাযথভাবে তেল ও গ্যাস কূপ প্লাগ করার জন্য নিউ ইয়র্কের চলমান প্রচেষ্টাকে সমর্থন করে।

আজকে ঘোষিত ফেডারেল তহবিল মিথেন ও অন্যান্য গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করতে নিউ ইয়র্কের বহু পদক্ষেপের সম্পূরক। এই বছরের শুরুতে, গভর্নর ক্যাথি হোকল চূড়ান্ত প্রবিধান ঘোষণা করেছেন যা অনুযায়ী নিউ ইয়র্ক স্টেটের সকল তেল ও প্রাকৃতিক গ্যাস অবকাঠামো থেকে মিথেন ও অন্যান্য ক্ষতিকর পদার্থ নিঃসরণ উল্লেখযোগ্য পরিমাণ হ্রাস করা আবশ্যক করা হয়েছে। এই বিধিমালার মাধ্যমে বছরে মিথেন নির্গমন 14,000 মেট্রিক টনেরও বেশি এবং অস্থিতিশীল জৈব যৌগ নির্গমন বছরে 2,000 টনেরও বেশি কমিয়ে আনার মাধ্যমে স্টেটের জন্য দেশের-নেতৃস্থানীয় নির্মল জ্বালানি ও জলবায়ু বিষয়ক এজেন্ডা বাস্তবায়নের পথে একটি মাইলফলক অর্জিত হলো। পাশাপাশি, 2020 সালের প্রবিধান সীমা স্থাপন করে যা স্টেটব্যাপী মিথেন ও অন্যান্য গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ 2030 সালের মধ্যে 40 শতাংশ হ্রাস করা, 2050 সালের মধ্যে 85 শতাংশ হ্রাস করা আবশ্যক করে, যার মধ্যে আমদানিকৃত বিদ্যুৎ ও জীবাশ্ম জ্বালানি সংশ্লিষ্ট নিঃসরণ অন্তর্ভুক্ত হবে।

সিনেটর চাক শুমার বলেন, "আপস্টেট নিউ ইয়র্ক, সাউদার্ন টিয়ার ও সেন্ট্রাল নিউ ইয়র্ক থেকে পশ্চিম নিউ ইয়র্ক ও ফিঙ্গার লেকস পর্যন্ত, কয়েক দশক ধরে পরিত্যক্ত তেল ও গ্যাস কূপ দ্বারা জর্জরিত হয়ে আছে যা লুকানো বিপদ সৃষ্টি করতে পারে যা আমাদের উঠানে, খাওয়ার পানির উৎসে এবং সম্প্রদায়ে দূষণ নিয়ে আসতে পারে। এখন, আমি যেই দ্বিপক্ষীয় অবকাঠামো ও কর্মসংস্থান আইনে (Bipartisan Infrastructure and Jobs Law) কাজ করেছি তার কল্যাণে, আপস্টেট নিউ ইয়র্ক 25 মিলিয়ন মার্কিন ডলারের অত্যন্ত প্রয়োজনীয় তহবিল পাবে, এই দীর্ঘদিনের পরিবেশগত সমস্যা মোকাবেলা করার জন্য এবং এমন শত শত কূপ প্লাগ করার জন্য। আমি এই উল্লেখযোগ্য ফেডারেল বিনিয়োগ প্রদান করতে পেরে গর্বিত যা জলবায়ু পরিবর্তনের সাথে লড়াই করার জন্য ভালো বেতনের স্থানীয় চাকরি তৈরি করবে এবং নিশ্চিত

করবে মিউনিসিপ্যালিটিগুলিকে যাতে নিজেদের সম্প্রদায় থেকে জীবাশ্ম জ্বালানি শিল্পের অবশিষ্ট অংশ পরিষ্কার করার সম্পূর্ণ আর্থিক চাপ গ্রহণ না করতে হয়।"

প্রতিনিধি নিডিয়া ভেলাকোয়েজ বলেন, "জলবায়ু সঙ্কট আমাদের গ্রহের ভবিষ্যতের জন্য সবথেকে বড় হুমকি, এবং গ্রিনহাউজ গ্যাসগুলি এই সঙ্কটের বড় ভূমিকা রাখে। আমি দ্বিপক্ষীয় অবকাঠামো আইন সমর্থন করতে পেরে গর্বিত যা নিউ ইয়র্ককে গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করতে এবং আমাদেরকে আমাদের পরিবেশ আরো ভালোভাবে রক্ষা করতে সাহায্য করার জন্য আরো তহবিল প্রদান করেছে। এই অর্থ দিয়ে, নিউ ইয়র্ক গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার প্রচেষ্টায় পরিত্যক্ত তেল ও গ্যাস কূপ প্লাগ করা শুরু করতে পারবে এবং আমাদের পানিতে দূষক প্রবেশ করা ঠেকাতে পারবে।"

প্রতিনিধি পল টঙ্কো বলেন, "আমাদের অবকাঠামো কাজে জলবায়ু পরিবর্তন সামাল দেওয়ার জন্য পাওয়া সুযোগের সদ্ব্যবহার করা হলে তা একটি পরিচ্ছন্নতর, নিরাপদতর এবং আরো প্রতিযোগী আমেরিকা তৈরি করবে। সেজন্য আমি অনেক আগেই জলবায়ু পদক্ষেপ এবং পরিবেশগত প্রতিকারকে শীর্ষ অগ্রাধিকার বানিয়েছি এবং আমাদের দ্বিপক্ষীয় অবকাঠামো আইনে এবং আমাদের সাম্প্রতিক মুদ্রাস্ফীতি হ্রাস অ্যাক্টে (Inflation Reduction Act) বলিষ্ঠ বিনিয়োগের জন্য চাপ প্রদান করেছি, যা ইতিহাসে কংগ্রেস গৃহীত সবথেকে গুরুত্বপূর্ণ জলবায়ু সাড়াদান। আমি ফেডারেল তহবিলের জন্য লড়াই চালিয়ে যাবো যা নিউ ইয়র্কের কর্মসংস্থান সৃষ্টি, পরিবেশগত অবিচার সমাধান, আমাদের অর্থনীতির প্রবৃদ্ধি, এবং সকলের জন্য আরো ভালো ভবিষ্যৎ গঠন করার প্রচেষ্টাকে সমর্থন করবে।"

গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করা হলো নিউ ইয়র্কের দেশের শীর্ষস্থানীয় জলবায়ু এজেন্ডার একটি অতি গুরুত্বপূর্ণ উপাদান, এটি দেশের সবথেকে আগ্রাসী জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি উদ্যোগ, যা পরিচ্ছন্ন শক্তিতে একটি নিয়মতান্ত্রিক ও ন্যায্য স্থানান্তরের আহ্বান করে এবং কর্মসংস্থান সৃষ্টি করে ও সবুজ অর্থনীতির পালন অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act) প্রদত্ত রূপরেখা অনুযায়ী, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে বিদ্যুৎ খাত নিঃসরণমুক্ত করা বাধ্যতামূলক করার লক্ষ্য অর্জনের পথে রয়েছে, যার মধ্যে আছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অবশেষে সম্পূর্ণ অর্থনীতিতে কার্বন নিরপেক্ষতা অর্জন করা।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418